

আয়কর রিটার্ন (ITR) প্রমাণ পত্র আপলোড পোর্টাল

১. আমি আপনার ব্যাংক এর একাউন্ট হোল্ডার (ব্যক্তি/এসএমই হিসাব) একই সাথে টিডি (টার্ম ডিপোজিট)/ ডিপিএস হোল্ডার সেক্ষেত্রে আমাকে কি আলাদাভাবে (একের অধিক) আয়কর রিটার্নের প্রমাণপত্র দাখিল করতে হবে?
 - আপনি যেকোনো একাউন্ট (ব্যক্তি/এসএমই হিসাব)/টিডি (টার্ম ডিপোজিট) অথবা ডিপিএস নম্বর একবার ব্যবহার করে আপনার কাঙ্ক্ষিত সার্ভিসটি পেতে পারেন। যেকোনো একটি হিসাবে আয়কর রিটার্নের প্রমাণপত্র দাখিল করলেই সংক্রিয়ভাবে আপনার অন্যান্য হিসাবে তা হালনাগাদ হয়ে যাবে যদি তা একই CIF এর আওতাধীন থাকে। আলাদা আলাদা CIF এর জন্য আলাদা করে আয়কর রিটার্নের প্রমাণপত্র দাখিল বা আপলোড করতে হবে যদি তা ইতিমধ্যে merge বা একত্রিত না হয়ে থাকে (শুধুমাত্র ২০১৫ এর আগের অ্যাকাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য)।
২. অনলাইন পোর্টালে আমাকে কোন নম্বর টি ইনপুট করতে হবে।
 - পোর্টালে আপনাকে একাউন্ট (ব্যক্তি/এসএমই হিসাব)/টিডি (টার্ম ডিপোজিট) অথবা ডিপিএস নম্বর এর মধ্যে থেকে যেকোনো একটি ইনপুট করলেই হবে। তবে ক্লোজড বা ডিসজিড মার্ক একাউন্ট ইনপুট করা যাবে না।
৩. আপনার ব্যাংক এ আমাদের জয়েন্ট (বা যৌথ নামে) একাউন্ট আছে সেক্ষেত্রে আমাকে কি আলাদাভাবে (একের অধিক) আয়কর রিটার্নের প্রমাণপত্র দাখিল করতে হবে?
 - শুধুমাত্র প্রাইমারী একাউন্ট হোল্ডারের আয়কর রিটার্নের প্রমাণপত্র হালনাগাদ করলেই চলবে।
৪. অনলাইন পোর্টালের মাধ্যমে আমি আয়কর রিটার্নের প্রমাণপত্র একাউন্টে (ব্যক্তি/এসএমই হিসাব) হালনাগাদ করেছি, কিন্তু তা সফল হয়েছে কিনা আমি কিভাবে বুঝব?
 - আপনাকে ট্যাক্স রিটার্ন আপলোড পোর্টাল হতে যথাযথ নোটিফিকেশন পত্র পাঠ করা হবে এবং ব্যাংক কর্তৃক যাবতীয় কাজ সম্পন্ন করার পরে আপনার রেজিস্টার্ড মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
৫. ব্যাংকে আয়কর রিটার্ন এর প্রমাণপত্র দাখিল করা বাধ্যতামূলক কি না?
 - অর্থ আইন ২০২২ অনুসারে বিশেষ কিছু ক্ষেত্রে আয়কর রিটার্ন এর প্রমাণপত্র দাখিল বাধ্যতামূলক করা হয়েছে-
 - ক. ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে পাঁচ লাখ টাকার বেশি ঋণের আবেদন করার ক্ষেত্রে;
 - খ. দশ (১০) লক্ষ টাকার বেশি ক্রেডিট ব্যালেন্স সহ যেকোন ধরনের ব্যাংক অ্যাকাউন্ট খোলা এবং চালিয়ে যাওয়া;
 - গ. পাঁচ (৫) লাখ টাকার বেশি সঞ্চয়পত্র ত্রয়ের ক্ষেত্রে;
 - ঘ. আমদানির উদ্দেশ্যে একটি ঋণপত্র আবেদন করা ক্ষেত্রে;
 - ঙ. বাংলাদেশ থেকে আমদানি বা রপ্তানির জন্য একটি বিল অফ এন্ট্রি জমা দেওয়ার ক্ষেত্রে;
৬. আয়কর রিটার্ন জমা দেওয়ার কি কি ধরনের প্রমাণ পত্র থাকে? আমাকে কোন ধরনের প্রমাণপত্র জমা দিতে হবে?
 - সাধারণত তিন ধরনের আয়কর রিটার্ন জমা দেওয়ার প্রমাণ পত্র থাকে এর মধ্যে যেকোনো একটি প্রমাণপত্র জমা পত্রান করলেই হবে-
 - ক. আয়কর অফিস কর্তৃক নির্ধারিত রিটার্নের একটি স্বীকৃত রসিদ (Tax Return Slip);
 - খ. একটি সিস্টেম জেনারেটেড সার্টিফিকেট যাতে ব্যক্তির নাম এবং করদাতার সনাক্তকরণ নম্বর (ই-টিআইএন) এবং যে বছরের জন্য রিটার্ন জমা দেওয়া হয়েছে তা উল্লেখ থাকে;
 - গ. ডেপুটি কমিশনার অফ ট্যাক্সেস কর্তৃক জারি করা একটি সার্টিফিকেট যাতে ব্যক্তির নাম এবং টিআইএন এবং যে বছরের; জন্য রিটার্ন জমা দেওয়া হয়েছে তা উল্লেখ থাকে;

৭. আমাকে কি প্রতি অর্থ বছরেই আয়কর রিটার্ন এর প্রমানপত্র ব্যাংকে দাখিল করতে হবে।

- জ্বী, অর্থ আইন-২০২২ অনুসারে আপনাকে প্রতি অর্থ বছরেই হালনাগাদকৃত (লেটেস্ট) আয়কর রিটার্নের প্রমানপত্র ব্যাংকে দাখিল করতে হবে যাতে আমানতের সুদ/মুনাফার উপর অতিরিক্ত উৎস কর কর্তন করা না হয়।

৮. আয়কর রিটার্নের প্রমানপত্র কোন ফরম্যাটে আপলোড করতে হবে এবং ফাইল সাইজ সর্বোচ্চ কত হবে?

- আয়কর রিটার্নের প্রমানপত্র স্ক্যান করে পিডিএফ/জেপিজে ফরম্যাটে আপলোড করতে হবে। আপলোডকৃত ফাইল সাইজ ২০০ কিলোবাইটের (200 KB) বেশী হবে না।

৯. আয়কর রিটার্নের প্রমানপত্র জমাদানের সময় ব্যাংক কিভাবে গ্রাহক পরিচিতি যাচাই করবে?

- গ্রাহককে আয়কর রিটার্নের প্রমানপত্র জমাদানের সময় গ্রাহকের নিবন্ধিত মোবাইল নম্বরে OTP (ওটিপি) পাঠানোর মাধ্যমে যাচাই করা হবে।

১০. আয়কর রিটার্নের প্রমানপত্র জমাদানের সময় ভুল ডকুমেন্ট আপলোড হলে কি হতে পারে?

- গ্রাহককে অবশ্যই আয়কর রিটার্নের সঠিক প্রাপ্তি-স্বীকারপত্র আপলোড করতে হবে। আপলোডকৃত প্রাপ্তি-স্বীকারপত্রে ভুল/অসত্য তথ্য থাকলে গ্রাহক বাংলাদেশের বিদ্যমান আইন অনুযায়ী যথাযথ ব্যবস্থা মানতে বাধ্য থাকবে।

১১. যদি ভুল ডকুমেন্ট আপলোড করে ফেলি এবং সাথে সাথে বুঝতে পারি তবে কি আমি পুনরায় সঠিক ডকুমেন্ট আপলোড করার সুযোগ পাবো?

- ব্যাংক কর্তৃপক্ষ রিজেক্ট করার পরে আপনি পুনরায় নতুন করে ডকুমেন্ট আপলোড করার সুযোগ পাবেন। ব্যাংক কর্তৃপক্ষ অনিবার্য কারনবশতঃ রিজেক্ট করলে আপনার রেজিস্টার্ড মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।